



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

নং-রেজি/প্রশা(টিচিং)/২০১৮-১৯/০৪

তারিখ : ৩১-০৩-২০১৯

নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে -৪-

বিভাগ	পদের নাম	পদের সংখ্যা
১। রসায়ন বিভাগ	স্থায়ী সহযোগী অধ্যাপক (অজৈব)	১টি
২। গণিত বিভাগ	অস্থায়ী প্রভাষক	৪টি
৩। ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ	অস্থায়ী প্রভাষক	১টি
৪। চারুকলা বিভাগ	স্থায়ী প্রভাষক	২টি

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম :

সহযোগী অধ্যাপক : ৫০,০০০-৭১,২০০/-

প্রভাষক : ২২,০০০-৫৩,০৬০/-

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

সহযোগী অধ্যাপক : প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ৪.২৫(৫.০০ স্কেলে) থাকতে হবে। রসায়ন বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে থাকতে হবে। এবং

কমপক্ষে ১০(দশ) বছরের শিক্ষাদান/পেশাগত অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে রসায়ন বিষয়ে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের শিক্ষাদান অভিজ্ঞতাসহ উচ্চ একাডেমিক ডিসটিঙ্শন থাকতে হবে এবং অনুমোদিত জার্নালে মৌলিক প্রকাশনা/স্বীকৃত উচ্চমানের প্রকাশনা থাকতে হবে।

প্রভাষক : প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান ও বাণিজ্য শাখায় জিপিএ ৪.২৫(৫.০০ স্কেলে) এবং মানবিক শাখায় জিপিএ ৪.০০(৫.০০ স্কেলে) থাকতে হবে। গণিত/ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের আবেদনকারীদের গণিত/ম্যানেজমেন্ট স্টাডিজ বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) এবং চারুকলা বিভাগের আবেদনকারীদের চারুকলা বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।

বি.দ্র.: চারুকলা বিভাগের প্রার্থীদের চারুকলা (চিত্রকলা/গ্রাফিক ডিজাইন) বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান ডিগ্রিধারী হতে হবে।

এই বিশ্ববিদ্যালয়ে অস্থায়ীভাবে নিয়োজিত শিক্ষকদের ক্ষেত্রে উপরোক্ত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার শর্ত প্রযোজ্য হবে না।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সহযোগী অধ্যাপক পদে ১০(দশ) ও প্রভাষক পদের জন্য ৭(সাত) সেট আবেদনের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দিতে হবে। দরখাস্তের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক লিঃ জাবি শাখার সি.ডি.-৬৮ একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন (সকাল ৮-৩০ থেকে বিকেল ৪-০০ টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে উল্লিখিত পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার তথ্যাদি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট www.juniv.edu থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : সহযোগী অধ্যাপক পদে আবেদনের শেষ তারিখ ২৮-০৪-২০১৯ এবং প্রভাষক পদে আবেদনের শেষ তারিখ ১৫-০৪-২০১৯।

স্বাক্ষর/-রেজিস্ট্রার